

## শিশুদের শ্রবণশক্তি হারানোর সাধারণ কারণগুলি

সমস্ত কারণ জানা পরিচিত নয় তবে কিছু হল:

- **জেনেটিক কারণ** জন্মগত শ্রবণশক্তি হারানোর ক্ষেত্রে প্রায় 50% ঘটায়।
- প্রিম্যাচুরিটি এবং জন্মের সময় অক্সিজেনের অভাবের মতো কারণে **পাঁচ দিনের বেশি নিওনেটাল ইনটেনসিভ কেয়ারে (neonatal intensive care NICU) থাকা।**
- **গর্ভাবস্থায় সংক্রমণ** যেমন সাইটোমেগ্যালাভাইরাস (cytomegalovirus CMV) বিকাশমান অভ্যন্তরীণ কানের ক্ষতি করতে পারে। আরও তথ্যের জন্য [nationalcmv.org](http://nationalcmv.org) দেখুন।
- নির্দিষ্ট অ্যান্টিবায়োটিক এবং ডায়ালিসিস সহ **ওষুধগুলি** অভ্যন্তরীণ কানের জন্য বিষাক্ত হতে পারে।

আপনার শিশুর শ্রবণশক্তি সম্পর্কে আপনার যদি প্রশ্ন থাকে তাহলে তাদের স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন।

নিম্নলিখিত ভাষায় এই রোশিওরটি খুঁজে পেতে নীচের QR কোডটি ব্যবহার করুন:

English  
Español  
한국어  
Türkçe

Polski  
العربية  
Português  
kreyòl ayisyen

français  
বাংলা  
হিন্দী



নিউ জার্সি প্রারম্ভিক শ্রবণ সনাক্তকরণ এবং হস্তক্ষেপ

[nj.gov/health/fhs/nbs/ehdi](http://nj.gov/health/fhs/nbs/ehdi)

ইমেল: [EHDI@doh.nj.gov](mailto:EHDI@doh.nj.gov)

ফোন: 609-292-5676

ফ্যাক্স: 609-633-7820

মাসের  
**1**  
পরে নয়  
স্ক্রীনিং

মাসের  
**3**  
পরে নয়  
রোগ  
নির্ণয়

মাসের  
**6**  
পরে নয়  
প্রারম্ভিক  
হস্তক্ষেপ

**NJHealth**  
New Jersey Department of Health



# নবজাতকের শ্রবণশক্তি স্ক্রীনিং

নিউ জার্সি প্রারম্ভিক শ্রবণ সনাক্তকরণ এবং হস্তক্ষেপ

**NJHealth**  
New Jersey Department of Health

## প্রারম্ভিক শ্রবণ সনাক্তকরণ এবং হস্তক্ষেপ (Early Hearing Detection and Intervention EHDI)

EHDI হল একটি জাতীয় জনস্বাস্থ্য উদ্যোগ যারা '1-3-6' নির্দেশিকা সমর্থন করে:

- **এক** মাস বয়সের আগে শ্রবণশক্তি হারানোর বিষয়ে প্রতিটি নবজাতকের স্ক্রিন করুন
- যে শিশুরা তাদের শ্রবণশক্তি স্ক্রীনিং পাস করে না তাদের জন্য **তিন** মাস বয়সের আগে ডায়াগনস্টিক অডিওলজিক মূল্যায়ন সম্পন্ন করুন
- শ্রবণশক্তি হারানোর সমস্যা সহ শিশুদের প্রাথমিক হস্তক্ষেপ পরিষেবাগুলিতে **ছয়** মাস বয়সের মধ্যে তালিকাভুক্ত করুন

শ্রবণশক্তি হারানো প্রায় 90% শিশু শ্রবণশক্তি সহ পিতা-মাতার কাছে জন্মগ্রহণ করে।

## আমার শিশুর শ্রবণশক্তি কেন স্ক্রিন করা উচিত?

- নিউ জার্সির আইনে সকল নবজাতকের জন্য শ্রবণশক্তি স্ক্রীনিং প্রয়োজন।
- বেশিরভাগ শিশু জন্মের সময় ভালোভাবে শুনতে পায়, কিন্তু কয়েকজন শুনতে পায় না।
- যেসকল শিশুর শ্রবণশক্তি হারানোর সমস্যা তাড়াতাড়ি সনাক্ত করা যায় না তাদের শেখার ক্ষেত্রে কঠিন সমস্যা হয়।
- শ্রবণশক্তি স্ক্রীনিং দ্রুত, নিরাপদ এবং ব্যথাহীন।
- যখন আপনি আপনার শিশুর শ্রবণশক্তি স্ক্রীনিংয়ের ফলাফল পাবেন, তখন প্রয়োজনে ফলো-আপের জন্য সুপারিশ প্রদান করা হবে।

## স্বাভাবিক শ্রবণশক্তি সম্পন্ন শিশুর কিছু কাজ যা তাদের করা উচিত:

জন্ম থেকে 3 মাস বয়স পর্যন্ত:

- হঠাৎ, জোরে আওয়াজ হলে চোখের পলক ফেলা বা লাফ দেয়
- কথা বলা হলে, শান্ত হয়ে যায় বা হাসে
- 'ওহ' বা 'আহ' এর মতো শব্দ করে

3 থেকে 6 মাস বয়স পর্যন্ত:

- যেদিক থেকে শব্দ হচ্ছে সেদিকে চোখ মেলে তাকানো
- আধ-আধ কথা বলা শুরু করে (বাবা, মামা, গাগা)
- অনেক ধরণের শব্দ করে, নুখবে আওয়াজ করে, এবং মৃদু হাসি হাসে

6 থেকে 9 মাস বয়স পর্যন্ত:

- জোরালো শব্দের দিকে মাথা ঘোরানো
- 'না-না' বা 'বাই-বাই' বোঝে
- আধ-আধ কথা বলে (বাবা, মামা, গাগা)

9 থেকে 12 মাস বয়স পর্যন্ত:

- আপনার বলা সহজ শব্দ এবং আওয়াজ পুনরাবৃত্তি করে
- সঠিকভাবে 'মামা' বা 'দাদা' বলে
- গান বা মিউজিকে সাড়া দেয়
- জিজ্ঞেস করা হলে প্রিয় খেলনা এবং জিনিসের দিকে ইঙ্গিত করে

শিশুরা জীবনের প্রথম কয়েক মাসে কথা বলা এবং ভাষা শিখতে শুরু করে। শ্রবণশক্তি হারানো শিশুরা যারা প্রাথমিকভাবে সাহায্য পায় তারা ভালোভাবে ভাষার দক্ষতা বিকাশ করে এবং সফলভাবে যোগাযোগ করতে শেখে।

## কেন আমার শিশুর আবেকটি শ্রবণশক্তি পরীক্ষা প্রয়োজন?

যদি আপনার শিশু শ্রবণশক্তি স্ক্রিনিংয়ে উত্তীর্ণ না হয়, তাহলে আপনার কিছু প্রশ্ন থাকতে পারে। কিছু শিশুর জন্য আরেকটি পরীক্ষার প্রয়োজন হতে পারে কারণ :

- কানে তরল পদার্থ থাকতে পারে
- টেস্টিং রুমে অনেক আওয়াজ ছিল
- শিশুটি অনেক নড়াচড়া করছিল
- শিশুটি শ্রবণশক্তি হারিয়েছে

আপনার শিশু যদি একটি শ্রবণশক্তি স্ক্রিনিংয়ে উত্তীর্ণ না হয়, তাহলে যত তাড়াতাড়ি সম্ভব তাদের আবার পরীক্ষা করা হয়েছে তা নিশ্চিত করুন। বেশির ভাগ শিশু যাদের শ্রবণশক্তির আরেকটি পরীক্ষার প্রয়োজন হয় তাদের স্বাভাবিক শ্রবণশক্তি থাকে, কিন্তু কিছুজনের শ্রবণশক্তি হারানোর সমস্যা থাকবে।

## কেন যত তাড়াতাড়ি সম্ভব আরেকটি শ্রবণশক্তি পরীক্ষা করা গুরুত্বপূর্ণ?

আপনার শিশু শ্রবণশক্তি হারিয়েছে কিনা তা জানার একমাত্র উপায় হল পরীক্ষা। যত আগে শ্রবণশক্তি হারানোর বিষয়টি জানতে পারা যাবে, সেটি শিশুর জন্য তত ভালো হবে। আপনার শিশুর যদি শ্রবণশক্তি হারানোর সমস্যা থাকে, তাহলে আমরা অনেক উপায়ে সাহায্য করতে পারি।

